



## নবনিযুক্ত আইজিপি আলী হোসেন ফকির দায়িত্বভার গ্রহণ



সংগৃহীত ছবি

নবনিযুক্ত পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) আলী হোসেন ফকির বুধবার (২৫ ফেব্রুয়ারি) দায়িত্বভার গ্রহণ করেছেন। সকালেই পুলিশ হেডকোয়ার্টার্সে পৌঁছে তাকে গার্ড অব অনার প্রদান করা হয় এবং এরপর তিনি বিদায়ী আইজিপি বাহারুল আলমের স্থান গ্রহণ করেন।

গত মঙ্গলবার স্বরাষ্ট্র মন্ত্রণালয় তাঁর আইজিপি পদে নিয়োগের প্রজ্ঞাপন জারি করেছিল। ১৯৯৫ সালের ১৫ নভেম্বর ১৫তম বিসিএস (পুলিশ) ব্যাচে সহকারী পুলিশ সুপার হিসেবে যোগদানের মাধ্যমে তিনি পুলিশের ক্যারিয়ার শুরু করেন। পরে তিনি নেত্রকোনা, ফেনী ও মাগুরা জেলার পুলিশ সুপার হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি আরআরএফ সিলেটের কমান্ড্যান্ট এবং ৩ এপিবিএন খুলনা, ৫ এপিবিএন ঢাকা, ৭ এপিবিএন সিলেটের অধিনায়ক হিসেবে কর্মরত ছিলেন। ডিআইজি হিসেবে পুলিশ হেডকোয়ার্টার্স এবং এসপিবিএন-এও তিনি গুরুত্বপূর্ণ পদে কাজ করেছেন।

বর্তমানে তিনি বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের ভারপ্রাপ্ত সভাপতি। ১৫তম বিসিএস ফোরামের সাধারণ সম্পাদক ও ১৫তম বিসিএস (পুলিশ) ব্যাচের আহ্বায়ক হিসেবে সামাজিক ও সাংস্কৃতিক কার্যক্রমেও সক্রিয়। তিনি অফিসার্স ক্লাব ঢাকা এবং খুলনা ক্লাবের সদস্য। শিক্ষা জীবনে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ম্যানেজমেন্টে বিকম (অনার্স), এমকম এবং এমবিএ ডিগ্রি অর্জন করেছেন।